বাংলাদেশ উদীচী শিল্পীগোষ্ঠীর জীবননগর শাখার আহবায়ক কমিটি গঠন

বাংলাদেশ উদীচী শিল্পীগোষ্ঠীর জীবননগর শাখার আহবায়ক কমিটি গঠন করা হয়েছে। ১৭ সদস্য বিশিষ্ট আহবায়ক কমিটিতে সাংবাদিক আতিয়ার রহমানকে আহবায়ক এবং সাংবাদিক মতিয়ার রহমানকে সদস্য সচিব নির্বাচিত করা হয়েছে।

কমিটি গঠন আলোচনা সভায় সভাপতিত্ব করেন সাংবাদিক আতিয়ার রহমান। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন,বাংলাদেশ উদীচী শিল্পীগোষ্ঠীর চুয়াডাঙ্গা জেলা শাখার সভাপতি জহির রায়হান এবং বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, সাধারন সম্পাদক আদিল হোসেন।

আহবায়ক কমিটির অন্য সদস্যরা হলেন-রাজেদুল ইসলাম, বিশিষ্ট ব্যবসায়ী তরিকুল ইসলাম, বাউল শিল্পী আজাদ, শাহজান আলী লিটন, মিঠু মিয়া, মুন্সী রিপন হোসেন, সবুজ হোসেন, শরিফ উদ্দিন, শাহাব উদ্দিন, খাজা মতিয়ার শাহ, স্কুল শিক্ষক ও লেখক শফিকুল ইসলাম, সেলিম হোসেন, রফিক শাহ, লাল্টু মিয়া, আলী হোসেন ও আব্দুল খালেক।

উল্লেখ্য, উক্ত আহবায়ক কমিটি আগামী এক মাসের মধ্যে পুর্ণাঙ্গ কমিটি গঠনে কার্যকরি ভুমিকা পালন করবেন।

মুজিবনগর উপজেলা বিসিডিএসের আহবায়ক কমিটি গঠন

আনুষ্ঠানিকতার মধ্য দিয়ে মেহেরপুরের মুজিবনগর উপজেলা বিসিডিএস এর ৬ সদস্য বিশিষ্ট আহবায়ক কমিটি গঠন করা হয়েছে।

গতকাল রবিবার দুপুরের দিকে বাংলাদেশ কেমিস্টস এন্ড ড্রাগিস্টস

সমিতি মেহেরপুর জেলা শাখার আয়োজনে কার্যনির্বাহী সদস্য সাইফুল ইসলামের সঞ্চালনায় মুজিবনগর সূর্যোদয় রেস্ট হাউসে মুজিবনগর উপজেলা বিসিডিএস এর ৬ সদস্য বিশিষ্ট আহবায়ক কমিটি গঠন করা হয়।

মুজিবনগর উপজেলা বিসিডিএসের আহবায়ক কমিটির আহ্বায়ক সেলিম হোসেন খান, যুগ্ম আহ্বায়ক জালাল উদ্দিন, নির্বাহী সদস্য আসিফ আল মোনায়েম, আনোয়ার হোসেন লাল্টু, রহমানসহ গিয়াস উদ্দিন কে দিয়ে আনুষ্ঠানিক ভাবে ৬ সদস্য বিশিষ্ট কমিটির নাম ঘোষণা করেন মেহেরপুর জেলা বিসিডিএস এর আহবায়ক রিনু।

এ সময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপি’র সাংগঠনিক সম্পাদক আব্দুর রশিদ, জেলা বিসিডিএস এর কার্যনির্বাহী সদস্য ইসমাইল হোসেন, কাজী খয়রুদ্দিন, সাইফুল ইসলাম, ইমন বিশ্বাস সহ সাংবাদিকবৃন্দ।

ঝিনাইদহ দোকান মালিক সমিতির আহবায়ক কমিটি গঠন

বাংলাদেশ দোকান মালিক সমিতি ঝিনাইদহ জেলা শাখার আহ্বায়ক কমিটি গঠন করা হয়েছে। গত বৃহস্পতিবার রাতে শহরের কালীচরনপুর সুপার মার্কেট কেপি বসু সড়ক (২য় তলায়) দোকান মালিক সমিতির অফিসে এ উপলক্ষে আলোচনা সভার আয়োজন করা হয়।

ঝিনাইদহ দোকান মালিক সমিতির সাবেক সহ-সভাপতি সাজু আহমেদ দুলাল’র সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন, ঝিনাইদহ জেলা বিএনপির সভাপতি এড. এম এ মজিদ। সেসময় অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন, ব্যবসায়ী নেতা জাহিদ ইসলাম, রফিকুল আলম, মোঃ আমান্নউল্লাহ, মোঃ আনোয়ারুল ইসলাম বাদশা, মোঃ মশিউর রহমান বাবলু, মনিরুজ্জামান খান মিঠু, মোঃ আলমগীর হোসেন, এম রবিউল ইসলাম রবি, এ এস এম এনায়েতুল্লাহ নয়ন, মোঃ আজিজুল হক সান্ডি, মোঃ মোকলেচুর রহমান ও সাজু আহম্মেদ দুলাল প্রমুখ। অনুষ্ঠানে আলোচনা সভা শেষে সকলের সর্বসম্মতিক্রমে আনোয়ারুল

ইসলাম বাদশাকে আহবায়ক ও মনিরুজ্জামান খান মিঠুকে সদস্য সচিব করে ৩১ সদস্য বিশিষ্ট আহবায়ক কমিটি গঠন করা হয়।

প্রধান অতিথি এড. এম এ মজিদ বলেন, নব-গঠিত এই কমিটি ঝিনাইদহ ব্যবসায়ীদের নানা অধিকার রক্ষাসহ জেলার ব্যবসা-বাণিজ্যের মান উন্নয়নে কাজ করবে বলে আশা করেন তিনি। পরে প্রধান অতিথি এড, এম এ মজিদ জেলা দোকান মালিক সমিতি ঝিনাইদহ জেলা শাখার আহ্বায়ক কমিটি নেতৃবৃন্দর হাতে তুলে দেন।

দামুড়হুদা প্রেসক্লাবের কমিটি বিলুপ্ত আহবায়ক কমিটি গঠন

দীর্ঘ ১৬ বছর পর অসাংবাদিক এর হাত থেকে মুক্তি পেল দামুড়হুদা প্রেসক্লাব। দামুড়হুদা প্রেসক্লাবের বর্তমান কমিটি বিলুপ্ত করা হয়েছে। সেই সাথে নতুন ১১ সদস্য বিশিষ্ট আহবায়ক কমিটি গঠন করা হয়েছে।

গতকাল মঙ্গলবার সন্ধ্যা ৭ টার সময় দামুড়হুদা প্রেসক্লাবে এক জরুরী মিটিং এ সিদ্ধান্ত গৃহীত হয়। দামুড়হুদা প্রেসক্লাবের সভাপতি এম নুরুন্নবী ভার্চুয়ালী কনফারেন্সে যুক্ত হয়ে সেচ্ছায় পদত্যাগ করেন। এবিষয়ে প্রেসক্লাবের সিনিয়র সহ-সভাপতি হাফিজুর রহমান কাজলের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় সর্বসম্মতিক্রমে প্রেসক্লাবের কমিটিকে বিলুপ্ত ঘোষণা করা হয়।

এসময় কমিটি বিলুপ্ত ঘোষণা করে উপস্থিত সকল সদস্যের সর্ব সম্মতি ক্রমে সাংবাদিক শামসুজ্জোহা পলাশ কে আহবায়ক, মিরাজুল ইসলাম মিরাজ কে যুগ্ম আহবায়ক ও তানজির ফয়সাল কে সদস্য সচিব করে ১১ সদস্য বিশিষ্ট নতুন কমিটি গঠন করা হয়। আহবায়ক কমিটির সদস্যরা হলেন, হাফিজুর রহমান কাজল, হাবিবুর রহমান, তাসির আহাম্মেদ, মোজাম্মেল শিশির, শাহাজামাল বাবু, আরিফুল ইসলাম মিলন, জাহাঙ্গীর আলম মানিক ও রকিবুল হাসান তোতা। সভায় আগামী ৩ মাসের মধ্যে পূর্নাঙ্গ কমিটি গঠন করা হবে বলে জরুরী সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।

দামুড়হুদা উপজেলা পূজা উদযাপন পরিষদের আহবায়ক কমিটি গঠন

দামুড়হুদা উপজেলা বাংলাদেশ পূজা উদযাপন পরিষদ দামুড়হুদা শাখার আহবায়ক কমিটি অনুমোদিত হয়েছে।

আজ মঙ্গলবার পূজা উদযাপন পরিষদ চুয়াডাঙ্গা জেলা শাখা ১৭ সদস্য বিশিষ্ট দামুডহুদা উপজেলা কমিটিকে অনুমোদন প্রদান করেন।

পূজা উদযাপন পরিষদ সুত্রে জানা যায়, বাংলাদেশ পূজা উদযাপন পরিষদ দামুড়হুদা উপজেলার শাখার আহবায়ক হিসেবে বাসুদের হালদার ও সদস্য সচিব হিসেবে পলাশ কুমার দে কে সহ ২১ সদস্য বিশিষ্ট আহবায়ক কমিটি গঠন করা হয়।

জেলা কমিটিতে পাঠানো অনুমোদনের জন্য বাংলাদেশ চুয়াডাঙ্গা জেলা পূজা উদযাপন কমিটির আহবায়ক প্রশান্ত অধিকারী সদস্য সচিব কিশোর কুমার কুন্ডু এ-কমিটিতে অনুমোদন প্রদান করেন, দামুড়হুদা উপজেলার পূজা উদযাপন পরিষদের নবগঠিত আহবায়ক কমিটির পক্ষ হতে চুয়াডাঙ্গা জেলা কমিটির আহবায়ক প্রশান্ত অধিকারী ও সদস্য সচিব কিশোর কুমার কুন্ডু সহ কমিটির অন্যান্য সদস্য বৃন্দকে ধন্যবাদ জানানো হয়েছে

আলমডাঙ্গায় উপজেলা ঠিকাদার সমিতির আহবায়ক কমিটি গঠন

আলমডাঙ্গা উপজেলা ঠিকাদার সমিতির কমিটি গঠনের লক্ষ্যে আলোচনা সভা ও মতবিনিময় অনুষ্ঠিত হয়েছে। গতকাল শনিবার সকাল সাড়ে ১০ টায় থানাপাড়া কমিউনিটি সেন্টারে এ আলোচনা ও মতবিনিময় অনুষ্ঠিত হয়।

মতবিনিময় সভায় ঠিকাদার মিজানের সঞ্চালনায় সভাপতিত্ব করেন ঠিকাদার

সাবেক খাসকররা ইউনিয়নের সাবেক চেয়ারম্যান আজিবর রহমান।

বক্তব্য রাখেন সাবেক উপজেলা চেয়ারম্যান বিশিষ্ট ইটভাটা মালিক হেলাল উদ্দিন, বিশিষ্ট ঠিকাদার সিরাজুল ইসলাম,আহসান হাবিবব, সিরাজুল ইসলাম লাল্টু, আহসান উল্লাহ, সাজ্জাদুল ইসলাম স্বপন, আশরাফুল হক,আলাল উদ্দিন, রকিবুল ইসলাম রকি, হাসানিজ্জামান হাসান প্রমুখ।

মতবিনিময় শেষে সদস্যের মতামতের ভিত্তিতে আহবায়ক কমিটি গঠন করা হয়।

সাবেক আলমডাঙ্গা উপজেলা পরিষদের চেয়ারম্যান বিশিষ্ট ইটভাটা ব্যবসায়ী হেলাল উদ্দীনকে আহবায়ক ও বিশিষ্ট ঠিকাদার সিরাজুল ইসলামকে যুগ্ম আহবায়ক মনোনীত করে ১৮ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয়। কমিটির সদস্যরা হলেন আজিবার রহমান,বিশিষ্ট ঠিকাদার সামসুল ইসলাম, আলাল উদ্দিন, রকিবুল ইসলাম রকি, মুন্সি শফিকুল ইসলাম, মীর মুছা ওয়ালীউল্লাহ লাল্টু, আলম হোসেন, সাজ্জাদুল ইসলাম স্বপন, আহসান হাবিব, আহসানউল্লাহ, বাবুল মিয়া, আশরাফুল ইসলাম, কামরুজ্জামান বকুল, বসির উদ্দীন, কামাল জোয়াদ্দার, আশাবুল হক, মোজাম্মেল হক, মিজানুর রহমান, আলিউজ্জামান।